# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থাসমূহের কার্যাবলীঃ বাজেট অনুবিভাগ-১

বাজেট-১ অনুবিভাগ জাতীয় বাজেট প্রণয়ন করে তা যথাসময়ে জাতীয় সংসদে উপস্থাপন এবং বিভিন্ন প্রকার ব্যয় ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করে। সরকারের আর্থিক ও অর্থনৈতিক ব্যবস্থাপনা বাজেট অনুবিভাগের প্রধান কাজ। বাজেট প্রক্রিয়ার মাধ্যমে সম্পদ আহরণ এবং তা সুষম বন্টনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে এ অনুবিভাগ ভূমিকা পালন করে থাকে। এছাড়া, সরকারের আয় ও ব্যয় পরিস্থিতি পরিবীক্ষণ, বাজেটের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ, বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বন্টনযোগ্য সম্পদের পরিমাণ নির্ধারণ এবং শ্রেণিবিন্যাস কাঠামোর সংরক্ষণ ও আধুনিকায়ন এ অনুবিভাগের গুরুত্বপূর্ণ দায়িত্ব। অধিকন্তু, বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি এবং এ সংক্রান্ত টেকনিক্যাল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান, আর্থিক সংশ্লেষ সম্পন্ন বিল ও অর্থ বিল প্রক্রিয়াকরণ এবং আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সংস্কারের জন্য গৃহীত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন ও তদারকি বাজেট অনুবিভাগ-১ এর কার্যাবলীর অন্তর্ভুক্ত। ২০২০-২১ অর্থবছরে বাজেট অনুবিভাগ-১ এর গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ নিম্নে দেওয়া হলোঃ

**২০২০-২১ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড**

- ২০২০-২১ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেট বরাদ্দের সংশোধিত কর্তৃত্ব বিগত ০৪ মার্চ ২০২১ তারিখে জারি করা হয়েছে;
- ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রণয়নপূর্বক নির্ধারিত সময়সূচি অনুযায়ী মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে;
- ২০২০-২১ অর্থবছরে নিম্নোক্ত বাজেট প্রকাশনাসমূহ প্রকাশ করা হয়েছেঃ
  - বাজেট বক্তৃতা
  - বাজেটের সংক্ষিপ্তসার
  - বার্ষিক আর্থিক বিবৃতি
  - সম্পূরক আর্থিক বিবৃতি
  - মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি
- ২০২০-২১ অর্থবছরে নিম্নোক্ত বাজেট প্রকাশনাসমূহের ইংরেজি সংস্করণ প্রকাশ করা হয়েছেঃ
  - Budget Speech
  - Budget in Brief
  - Annual Financial Statement
  - Medium Term Macro Economic Policy Statement
- ২০২০-২১ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মোট ৪১টি উন্নয়ন কর্মসূচি অনুমোদন ও বাস্তবায়নের লক্ষ্যে অর্থায়নের ব্যবস্থা করা হয়েছে;
- ২০২০-২১ অর্থবছরে মৃত সরকারি কর্মকর্তা/কর্মচারী কর্তৃক গৃহীত সরকারি ঋণ ও সুদ মওকুফের মোট ২৪টি প্রস্তাব নিষ্পত্তি করা হয়েছে;
- ২০২০-২১ অর্থবছরে সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত মোট ৭৫১টি প্রস্তাব নিষ্পত্তি করা হয়েছে;

- সেবা প্রদানের ক্ষেত্রে সম্পদের সহজলভ্যতা আরো ভালোভাবে নিশ্চিত করার লক্ষ্যে আর্থিক পূর্বাভাস (Fiscal Forecasting), বাজেট প্রণয়ন ও বাজেট বাস্তবায়ন, আর্থিক প্রতিবেদন উন্নতকরণ এবং স্বচ্ছতা বৃদ্ধিকরণের উদ্দশ্যে Strengthening Public Financial Management Program to Enable Service Delivery (SPFMS) নামে বিশ্ব ব্যাংকের সহায়তায় ১০০ মিলিয়ন ডলারের একটি পাঁচ বছর মেয়াদি কর্মসূচি হাতে নেয়া হয়েছে; এবং
- ২০২১-২২ অর্থবছরের মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বাজেট বই প্রকাশ করা হয়েছে যাতে নিম্নে বর্ণিত বিষয়সমূহ একত্রে সন্নিবেশ করা হয়েছেঃ
    - মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF);
    - সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত);
    - মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (পরিচালন ও উন্নয়ন);
    - বিস্তারিত বরাদ্দ (পরিচালন);
    - মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন)।